

**জেলা পরিষদ কার্যালয়**  
**মৌলভীবাজার**  
**www.zpmoulvibazar.gov.bd**

স্মারক নং: ৪৬.০০.৫৮০০.০১.০১ (অংশ-৩).০৪০.১৭.১২৩

তারিখ : ০২/০৪/২০২৬ খ্রিঃ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা পরিষদ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৬.১৮-২৪৩, তাং: ২৪/০২/২০২৬ খ্রিঃ ছাড়পত্র মোতাবেক মৌলভীবাজার জেলা পরিষদে হিসাব রক্ষক এবং সার্ভেয়ার এর শূন্য পদে নিয়োগের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্বহস্তে লিখিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের [www.forms.gov.bd](http://www.forms.gov.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০১৫	শিক্ষাগত যোগ্যতা
০১	হিসাব রক্ষক	০১ টি	১১,০০০-২৬৫৯০	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে বিভাগে ন্যূনতম ২য় শ্রেণিতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা থাকতে হবে।
০২	সার্ভেয়ার	০১ টি	৯,৩০০-২২,৪৯০	(ক) সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমাদারী। (খ) ওয়ার্ড প্রসেসিং এবং বেসিক কম্পিউটার এ দক্ষতা থাকতে হবে।

- শর্তাবলী :**
- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেহ আবেদন করার যোগ্য বিবেচিত হবে না;
  - খামের উপরে মোটা অক্ষরে পদের নাম এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে;
  - নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের [www.forms.gov.bd](http://www.forms.gov.bd) ওয়েব সাইটে, জেলা পরিষদ, মৌলভীবাজার এর জেলা পরিষদ ডিজিটাল সেন্টার হতে সংগ্রহ করা যাবে;
  - আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :  
(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি;  
(খ) পৌরসভার মেয়র/ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র;  
(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল/সাময়িক সনদ পত্রের সত্যায়িত ছায়াছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত);  
(ঘ) একজন ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র;  
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ছায়াছবি;
  - আবেদনকারীর বয়স ০৯/০৪/২০২৬ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।
  - সরকারী নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরান্নার সন্তান/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার দাবীকৃত কোটা সমর্থনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
  - নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনপত্রের সাথে আবেদনকারীর নাম ও ঠিকানা উল্লেখ করে ১০×৪ সাইজের ১০/- (দশ) টাকার মূল্যের ডাকটিকেট লাগানো একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে;
  - চাকরির শর্তাবলী, বেতন ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন/২০০০, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা/কর্মচারী চাকরি বিধিমালা/১৯৯০ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনাবলী প্রযোজ্য হবে;
  - আগামী ২৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার এর বরাবরে আবেদনপত্র ডাক-যোগে অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি অত্রাফিসে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না;
  - আবেদনপত্রের সাথে 'প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে;
  - অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সমূহ বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সুস্পষ্ট নাম, পদবী ও সীলসহ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে;
  - চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে বিধি মোতাবেক আবেদন করতে হবে। আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;
  - শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণসহ নিয়োগ সংক্রান্ত সরকারী বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;
  - প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না;
  - নির্দিষ্ট কোন কোটায় নিয়োগের দাবীদার প্রার্থীদের তাঁর দাবীর স্ব-পক্ষে সরকার নির্ধারিত সনদপত্র দাখিল করতে হবে। অন্যথায় তার দাবী গ্রহণযোগ্য হবে না;
  - আবেদন পত্রে বর্ণিত তথ্য যে কোন পর্যায়ে অসত্য/মিথ্যা প্রমাণিত হলে আবেদন/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
  - মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;
  - কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-  
(শামীমা খন্দকার)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, মৌলভীবাজার  
ও  
আহবায়ক